



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/15/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্ক সাবওয়ে এবং ট্রানজিট নিরাপত্তা টাস্ক ফোর্সের প্রথম বৈঠক ঘোষণা করলেন

গভর্নরের অফিস ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, আইন শৃঙ্খলা রক্ষাকারী, সিটি হল এবং MTA এর সাথে বৈঠকের আহ্বান করে

গভর্নর হোকলের পাঁচ দফা সাবওয়ে নিরাপত্তা পরিকল্পনার অংশ হিসেবে নতুন টাস্ক ফোর্সের সূচনা

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক সাবওয়ে এবং ট্রানজিট নিরাপত্তা টাস্ক ফোর্সের (New York Subway and Transit Safety Task Force) প্রথম বৈঠক ঘোষণা করেছেন। সাবওয়েতে সাম্প্রতিক ঘটনাসমূহের সাড়া দানের সমন্বয় করার জন্য নির্বাহী চেম্বার নিউ ইয়র্ক সিটির পাঁচজন ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police, NYSP) এবং নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগের (New York City Police Department, NYPD) নেতৃবৃন্দ, নিউ ইয়র্ক সিটির সরকারি নিরাপত্তা কর্মকর্তা এবং মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষকে (Metropolitan Transit Authority, MTA) সমবেত করেছে।

"সকল নিউ ইয়র্কবাসীর মতোই গতকালকের ট্রেনে গুলিবর্ষণের ঘটনায় আমি আতঙ্কিত হয়েছি। কোনো সাবওয়ে যাত্রীর এই ভয় নিয়ে যাতায়াত করতে হওয়া উচিত না যে তারা একটি গুলি বা ছুরিকাঘাতের শিকার হতে পারে, এবং দাঁড়িয়ে যাত্রা করা ব্যক্তিদের নিরাপদ রাখতে আমরা সমন্বিত পদক্ষেপ গ্রহণ করছি," **গভর্নর হোকল বলেন।** "সাবওয়েতে অপরাধের সাম্প্রতিক বৃদ্ধি সমাধান করার একমাত্র উপায় হলো সরকারের সকল পর্যায়ের সহযোগিতা। মেয়র অ্যাডামস, পুলিশ, প্রসিকিউটর এবং ট্রানজিট কর্মকর্তাদের সাথে একত্রে কাজ করে আমরা প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখা নিশ্চিত করবো।"

**নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন,** "একজন প্রাক্তন ট্রানজিট কর্মকর্তা হিসেবে আমি জানি যে সাবওয়ের নিরাপত্তা হলো জননিরাপত্তা এবং সম্পূর্ণ ক্রিমিনাল জাস্টিস ব্যবস্থাকে একত্রিত করতে পারলে তা মানুষকে নিরাপদ রাখার আমাদের প্রয়াসকে উন্নত করবে। সিটিতে অপরাধ হ্রাস পেয়েছে কিন্তু আমাদের সাবওয়ে সিস্টেম হলো কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীর কাজ, স্কুল, এবং প্রিয়জনদের দেখতে যাওয়ার জন্য মুখ্য। তারা যাতে নিরাপদ বোধ করে তা নিশ্চিত করার জন্য আমাদের সম্ভাব্য সকল কিছু করতে হবে, এবং গভর্নর হোকলের অব্যাহত অংশীদারিত্বের জন্য আমি তার প্রতি কৃতজ্ঞ।"

গভর্নর হোকলের নিউ ইয়র্ক সিটি অফিসের আজকের বৈঠকে নিউ ইয়র্ক সিটির প্রসিকিউটর, একাধিক আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সি, সিটি হল এবং মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের প্রতিনিধিদের সমবেত করা হয়। এর মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেট ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অ্যাসোসিয়েশন (District Attorneys Association of the State of New York, DAASNY) যাদের প্রতিনিধিত্ব করেন সংগঠনের আগামী প্রেসিডেন্ট, স্ট্যাটেন আইল্যান্ডের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি মাইকেল ম্যাকম্যহন, এবং সেই সাথে ছিলেন ম্যানহাটন, ব্রুকলিন, কুইন্স এবং ব্রক্স জেলার ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিসের প্রতিনিধি। এছাড়াও এখানে ছিলেন নিউ ইয়র্ক স্টেট পুলিশ, মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ পুলিশ বিভাগ (Metropolitan Transit Authority Police Department, MTAPD), এবং নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগের প্রতিনিধিগণ। অন্যান্য অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন নিউ ইয়র্ক সিটি ট্রানজিটের (New York City Transit) প্রেসিডেন্ট রিচ ডেভি, জননিরাপত্তার সহকারী ডেপুটি মেয়র লুইস মলিনা এবং মেয়রের ক্রিমিনাল জাস্টিস অফিস (Office of Criminal Justice)।

গভর্নর হোকলের পাঁচ দফা সাবওয়ে নিরাপত্তা পরিকল্পনার অংশ হিসেবে সাবওয়ে এবং ট্রানজিট নিরাপত্তা টাস্ক ফোর্সটি তৈরি করা হয়। আইন শৃঙ্খলা রক্ষাকারী, ট্রানজিট কর্মী এবং ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের মধ্যকার সমন্বয় উন্নত করতে এটি ব্যবহার করা হবে যার লক্ষ্য হলো বিপজ্জনক, বার বার অপরাধ করা ব্যক্তিদের দায়বদ্ধ করার জন্য সমন্বিত তথ্য আদানপ্রদান করা। বরোসমূহের মধ্যে ও ভেতরে উন্নত ও দ্রুত সমন্বয়ের জন্য কৌশল, অপরাধপ্রবণ ব্যক্তিদের থামানো, এবং প্রমাণসহ সমস্যার সমাধান করার বিষয় আলোচনায় অন্তর্ভুক্ত ছিলো। প্রক্রিয়ার সাথে সহযোগিতা করার জন্য, MTA একজন নতুন ক্রিমিনাল জাস্টিস অ্যাডভোকেটকে নিয়োগদান করার প্রক্রিয়ায় রয়েছে যাতে সিস্টেমে অপরাধের শিকার ব্যক্তিদের সহায়তা করা যায়, এবং বুকিং প্রক্রিয়ার সময় অপরাধপ্রবণ ব্যক্তিদের সনাক্ত করতে MTAPD ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসের জন্য একটি নতুন দ্রুত সতর্কতা ব্যবস্থা তৈরি করেছে।

গভর্নর হোকলের পাঁচ দফা সাবওয়ে নিরাপত্তা পরিকল্পনায় এছাড়াও রয়েছে সাবওয়েতে মানসিক অসুস্থতায় ভুগতে থাকা ব্যক্তিদের যত্ন ও সামাজিক সেবা প্রদান করার জন্য সাবওয়ে কো-রেস্পন্স আউটরিচ (Subway Co-Response Outreach, SCOUT) দলের অর্থায়নে 20 মিলিয়ন মার্কিন ডলার, NYPD এর র‌্যাম্বল ব্যাগ চেক প্রয়াসে সহায়তা করার জন্য 1,000 সরকারি নিরাপত্তা কর্মী বৃদ্ধি, বারবার অপরাধ করা ব্যক্তিদের সাবওয়ে সিস্টেমে নিষিদ্ধ করার অনুমতি বিচারকদের প্রদান করা, এবং সাবওয়ে কার ও কন্ডাক্টরের কেবিনে নিরাপত্তা ক্যামরা স্থাপন ত্বরান্বিত করা।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)